

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.২৩৬

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯

০৮ জুন ২০২২

### অফিস আদেশ

নিম্নবর্ণিত প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), মূলপদ: সহকারি প্রধান শিক্ষক, ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা-এর বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক	নাম, পদবী, বর্তমান কর্মস্থল	দেশের নাম (ভ্রমণের উদ্দেশ্য)	ভ্রমণের সময়কাল ও ছুটির ধরণ	অনুপস্থিতকালে দায়িত্বপালন
১	জনাব মো: বিলাল হোসেন প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মূলপদ: সহকারি প্রধান শিক্ষক ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা।	সৌদি আরব পবিত্র হজ্জপালন	০১.০৬.২০২২ হতে ২০.০৭.২০২২ তারিখ পর্যন্ত ৫০ (পঞ্চাশ) দিন অথবা যাত্রার তারিখ হতে ৫০ (পঞ্চাশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি	জনাব দিল আর চৌধুরী, সহকারী প্রধান শিক্ষক (প্রভাতী শাখা) ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা।

### শর্তসমূহ:

ক) তিনি নিজ খরচে এ ভ্রমণ সম্পন্ন করবেন। এ ভ্রমণে বাংলাদেশ সরকার স্থানীয়/বৈদেশিক মুদ্রায় কোন খরচ বহন করবে না;

(খ) তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং যথাসময়ে দেশে ফিরে এসে জেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;


(গ) যথাসময়ে দেশে ফিরে কর্মস্থলে যোগদানে ব্যর্থ হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর কর্মস্থলে যোগদানের নির্ধারিত তারিখ হতে ০৩(তিন) দিনের মধ্যে তাঁর অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঘ) বিদেশে অবস্থানকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতা প্রাপ্য হবেন;

(ঙ) সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ ব্যয় তাঁর আয়কর হিসাব বিবরণীতে প্রদর্শন করতে হবে। বিদেশ ভ্রমণের পূর্বে তিনি কোন তারিখ থেকে ভ্রমণ করবেন তা কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাবেন এবং ভ্রমণ শেষে যোগদানের বিষয়টিও লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করবেন।

(চ) তিনি অনুমোদিত ছুটি ভোগ না করলেও মঞ্জুরকৃত ছুটি ভোগ হয়েছে মর্মে প্রতীয়মান হবে। মঞ্জুরকৃত ছুটি বাতিলযোগ্য নয়।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



৮-৬-২০২২

আলমগীর হুসাইন

উপসচিব

ইমেইল:

ds\_sec1@moedu.gov.bd


নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.২৩৬/১(১২)

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৯

০৮ জুন ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩) হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন/ দুতাবাস, রিয়াদ।
- ৪) মহাপরিচালক পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তর, ঢাকা
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বহির্গমন বিভাগ (স্বল্প বন্দর), বেনাপোল, যশোর /হিলি, দিনাজপুর/বাংলাবান্ধা, পঞ্চগড়/ ভোমরা, সাতক্ষীরা /আখুড়া, ব্রাহ্মণবাড়িয়া।।
- ৯) পরিচালক/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ১০) জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ১১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১২) জনাব মো: বিলাল হোসেন প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মূলপদ: সহকারি প্রধান শিক্ষক ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা।



৮-৬-২০২২

আলমগীর হুসাইন

উপসচিব